

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
মনিটরিং ও রিপোর্টিং শাখা
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০৩৮.০৫.০২৫.১৫-১১৮

তারিখঃ ২৯ সেপ্টেম্বর, ২০১৫খ্রিঃ

বিষয় : 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি' বাস্তবায়নের জন্য কমিটি গঠন।

বর্ণিত বিষয়ে জানানো যাচ্ছে যে, দক্ষ, কার্যকরী ও গতিশীল প্রশাসনিক ব্যবস্থা এবং প্রশাসনিক ব্যবস্থাপনায় সুশাসন তথা জনসেবা নিশ্চিত করার লক্ষ্যে সরকার "বার্ষিক কর্মসম্পাদন চুক্তি" ব্যবস্থাপনার প্রবর্তন করেছে। গত ২০/০৯/২০১৫খ্রিঃ তারিখে কৃষি সচিব মহোদয় এবং মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের স্বাক্ষরে কৃষি মন্ত্রণালয়ের ২০১৫-২০১৬ অর্থবছরের "বার্ষিক কর্মসম্পাদন চুক্তি" স্বাক্ষরিত হয়েছে। উক্ত চুক্তিতে মন্ত্রণালয়ের ০৪টি কৌশলগত উদ্দেশ্যের বিপরীতে ৩১টি কর্মসম্পাদন সূচক এবং ০৫টি আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের বিপরীতে ১৮টি কর্মসম্পাদন সূচক রয়েছে। এ সকল সূচকের মান নির্ধারণ করা আছে।

নির্ধারিত মান অর্জনের লক্ষ্যে অধীনস্থ দপ্তর/সংস্থার সার্বিক সহযোগিতা একান্ত প্রয়োজন। চুক্তি অনুযায়ী আগামী ১৫/১০/২০১৫খ্রিঃ তারিখের মধ্যে অধীনস্থ দপ্তর/সংস্থার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর করতে হবে। বর্ণিত সমঝোতা স্মারক স্বাক্ষর ও পরবর্তী অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করার লক্ষ্যে স্ব স্ব দপ্তর/সংস্থায় কর্ম সম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত কমিটি গঠন করা আবশ্যিক।

এমতাবস্থায়, দপ্তর/সংস্থাকে তাদের অধীনস্থ কর্মকর্তার সমন্বয়ে একজন উর্ধ্বতন কর্মকর্তাকে টীম লিডার মনোনয়ন দিয়ে ০৫/০৭ সদস্য বিশিষ্ট কমিটি গঠন পূর্বক (তাদের ই-মেইল নম্বর ও মোবাইল নম্বরসহ) আগামী ৩০/০৯/২০১৫খ্রিঃ তারিখের মধ্যে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ রেজাউল করিম খান)

সহকারী সচিব

ফোন-৯৫৪৯৬০৭

ই-মেইল: monitoring.reporting@yahoo.com

বিতরণ : কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা।
২. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৩. নির্বাহী পরিচালক, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটার), সেচ ভবন, মানিকমিয়া এভিনিউ, ঢাকা।
৪. নির্বাহী পরিচালক, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী।
৫. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৬. মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
৭. মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।
৮. মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৯. মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিকমিয়া এভিনিউ, ঢাকা।
১০. মহাপরিচালক, বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা।
১১. মহাপরিচালক, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমী (নাটা), জয়দেবপুর, গাজীপুর।
১২. নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা।
১৩. পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
১৪. পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা।
১৫. পরিচালক, মুক্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ফার্মগেট, ঢাকা।
১৬. পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।
- ✓ ১৭. প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি :

১. অতিরিক্ত সচিব (আঃ সঃ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।